# প্রসপেক্টাস

শিক্ষাবর্ষ: ২০২৫-২৬



# PROSPECTUS
## 2025-2026

বিজ্ঞান বিভাগ

মানবিক বিভাগ

ব্যবসায় শিক্ষা বিভাগ

# ক্যান্টনমেন্ট কলেজ

## কুমিল্লা সেনানিবাস



আন্তঃহাউস বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান-২০২৫ এ কলেজ পরিচালনা পর্ষদের সম্মানিত সভাপতি **ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নাজিম উদ্দিন**, বিএএম মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন।



নবাগত অধ্যক্ষ মহোদয় কে শিক্ষার্থী কর্তৃক ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন



বৃক্ষরোপন অভিযান- ২০২৫ উপলক্ষে কলেজ ক্যাম্পাসে বৃক্ষরোপন করছেন অধ্যক্ষ, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ

# কলেজ পরিচিতি

**নূর নাহার ইয়াসমিন**
অধ্যক্ষ, ক্যান্টনমেন্ট কলেজ
কুমিল্লা সেনানিবাস

কুমিল্লা সেনানিবাসের দক্ষিণ প্রান্তে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) সংলগ্ন শহরের কোলাহল ও দূষণমুক্ত পরিবেশে এবং প্রাকৃতিক সৌন্দর্যমণ্ডিত প্রত্নতাত্ত্বিক নিদর্শন ইটাখোলা মুড়ার কোল ঘেঁষে "ক্যান্টনমেন্ট কলেজ" অবস্থিত। কুমিল্লা সেনানিবাসের প্রাক্তন জিওসি মেজর জেনারেল জামিল ডি আহসান, বিপি, পিএসসি, জিওসি,৩৩ পদাতিক ডিভিশন ও এরিয়া কমান্ডার, কুমিল্লা এরিয়া ক্যান্টনমেন্ট কলেজ প্রতিষ্ঠার সর্বপ্রথম উদ্যোগ গ্রহণ করেন। সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর কর্তৃক নিয়ন্ত্রিত এবং কুমিল্লা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত এ প্রতিষ্ঠানটি ২০০২-২০০৩ শিক্ষাবর্ষে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা হতে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগে ছাত্র-ছাত্রী ভর্তির প্রাথমিক অনুমতি প্রাপ্ত হয়।

২০০৩-২০০৪ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণিতে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা তিনটি বিভাগে ছাত্র-ছাত্রী ভর্তি হয়। শ্রেণি কার্যক্রম শুরু করার জন্য ১১ জানুয়ারি ২০০৩ খ্রিস্টাব্দে তৎকালীন জিওসি মেজর জেনারেল জামিল ডি আহসান, বিপি, পিএসসি, ক্যান্টনমেন্ট বোর্ড মাধ্যমিক বিদ্যালয়ের ৩য় ও ৪র্থ তলার নির্মাণ কাজ উদ্বোধন করেন। সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের প্রাক্তন পরিচালক জনাব ফারুক আহমেদ ২৬ জুলাই ২০০৩ খ্রিস্টাব্দে এ প্রতিষ্ঠানে ১৫ জন শিক্ষক নিয়োগ করেন। ৩৩ পদাতিক ডিভিশনের তৎকালীন জিওসি মেজর জেনারেল মাসুদ উদ্দিন চৌধুরী, পিএসসি ২৮ সেপ্টেম্বর ২০০৩ খ্রিস্টাব্দে কলেজের একাদশ শ্রেণির শ্রেণি কার্যক্রম আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন।

মেজর জেনারেল শেখ মোঃ মনিরুল ইসলাম, এনডিসি, পিএসসি, জিওসি, ৩৩ পদাতিক ডিভিশন ও এরিয়া কমান্ডার, কুমিল্লা এরিয়া বিগত ১৫ নভেম্বর ২০১০ খ্রিস্টাব্দে কলেজের নিজস্ব ছয় তলা ভবন নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ২০১১ সালের ০৭ ডিসেম্বর তৎকালীন জিওসি ৩৩ পদাতিক ডিভিশন ও এরিয়া কমান্ডার মেজর জেনারেল মোহাম্মদ কামরুজ্জামান, কলেজের ছয় তলা বিশিষ্ট নতুন ভবন উদ্বোধন করেন। সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে ক্যান্টনমেন্ট কলেজে ২০১১-২০১২ শিক্ষাবর্ষ হতে স্নাতক (পাস) কোর্স চালু হয় এবং অধিদপ্তরের সিদ্ধান্ত মোতাবেক ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ থেকে স্নাতক (পাস) কোর্সের ভর্তি স্থগিত করা হয়।

বর্তমানে একাদশ ও দ্বাদশ শ্রেণিতে মোট ৭৪৫ জন ছাত্র-ছাত্রী অধ্যয়ন করছে এবং ৩২ জন শিক্ষক-শিক্ষিকা ও ১১ জন কর্মচারী কর্মরত আছেন। তথ্যপ্রযুক্তির এ যুগে প্রতিটি বিষয়ে পাঠ পরিকল্পনা অনুযায়ী ডিজিটাল কনটেন্টের মাধ্যমে শিক্ষকগণ পাঠদান করে থাকেন। সম্প্রতি আইসিটি বিষয়ের ব্যবহারিক ক্লাস সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার জন্য একটি আধুনিক কম্পিউটার ল্যাব তৈরী করা হয়েছে।

বর্তমানে কলেজ পরিচালনা পর্ষদের সম্মানিত সভাপতি ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নাজিম উদ্দিন, বিএএম, স্টেশন কমান্ডার, স্টেশন সদর দপ্তর, কুমিল্লা সেনানিবাস এর দিক নির্দেশনা এবং পরিচালনা পর্ষদের সহ-সভাপতি ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার মোছাঃ মাছুমা আরেফিন এর পরিচালনায় কলেজের শিক্ষা কার্যক্রমসহ সার্বিক উন্নয়ন কর্মকান্ড দ্রুতগতিতে এগিয়ে চলেছে।

## ০১ প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য

- সেনানিবাসের সুশৃঙ্খল পরিবেশে ছাত্র-ছাত্রীদের চারিত্রিক ও মানবিক গুণাবলির বিকাশ সাধনের মাধ্যমে সুনাগরিক হিসেবে গড়ে তোলা ও দেশাত্মবোধ জাগ্রত করা।
- কলেজে নিয়মিত পাঠদান ও পাঠগ্রহণ, টিউটোরিয়াল পরীক্ষা গ্রহণ, মূল্যায়ন এবং সমস্যা সমাধানের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের গৃহ শিক্ষকের উপর নির্ভরশীলতা হ্রাস করে পরিশ্রমী ও অধ্যবসায়ী হিসেবে গড়ে তোলা।
- শিক্ষার্থীদের মেধার পরিপূর্ণ বিকাশ ঘটানোর লক্ষ্যে লেখাপড়ার পাশাপাশি বিভিন্ন সহশিক্ষা কার্যক্রম যেমন- খেলাধুলা, সাহিত্য ও সাংস্কৃতিক কর্মকান্ডের মাধ্যমে শিক্ষার্থীর শারীরিক, মানসিক, আত্মিক উন্নয়ন সাধন এবং সৃজনশীলতার বিকাশ ঘটানো।
- ভালো ফলাফল অর্জনের মধ্য দিয়ে শিক্ষার্থীদের একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলা করার লক্ষ্যে অধিকতর যোগ্য করে গড়ে তোলা এবং দেশপ্রেমে উজ্জীবিত হয়ে দেশ ও জাতির কল্যাণে নিজেকে নিয়োজিত করা।

## ভর্তির নিয়মাবলি ০২

শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ড এর নির্দেশনা অনুযায়ী ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে অত্র কলেজে Online- এ আবেদনকারী ছাত্র-ছাত্রীদের মধ্যে থেকে শিক্ষাবোর্ড কর্তৃক নির্বাচিত ছাত্র-ছাত্রীরা নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হওয়ার সুযোগ পাবে। ভর্তির সুযোগপ্রাপ্ত ছাত্র-ছাত্রীরা কলেজ অফিস হতে ভর্তি ফরম ও প্রসপেক্টাস সংগ্রহ করবে। অতঃপর যথাযথভাবে ফরম পূরণ করে প্রতিষ্ঠান নির্ধারিত ভর্তি ও আনুষঙ্গিক ফি কলেজ নির্ধারিত ব্যাংকে প্রদানের মাধ্যমে ভর্তি হতে পারবে।

## ০৩ ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র

০১। ভর্তি নিশ্চায়নের স্লিপ ০১ (এক) কপি।
০২। এস.এস.সি/সমমানের পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত মূল প্রশংসাপত্র।
০৩। ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্রের ফটোকপি ০১ (এক) টি করে।
০৪। সেনানিবাসে কর্মরত ও প্রতিরক্ষা খাত থেকে বেতনভুক্ত ব্যক্তিবর্গের সন্তানের ক্ষেত্রে (SQ কোটা) ইউনিট প্রধান/অফিস প্রধানের প্রত্যয়ন পত্র।
০৫। সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০২ (দুই) কপি।

**বি. দ্রঃ**

- কোন অবস্থাতেই লেমিনেটিং করা একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা নেয়া হবে না।
- মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর পর্যাপ্ত সংখ্যক ফটোকপি করে নিজের কাছে সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।
- ভর্তির ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা কর্তৃক জারীকৃত ভর্তি সংক্রান্ত সকল নীতিমালা অনুসরণ করা হয়। ভর্তি সংক্রান্ত যে কোন সিদ্ধান্তের পরিবর্তন বা পরিমার্জন বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হয়।

## একাদশ শ্রেণিতে ভর্তির বিভাগ

| পাসকৃত বিভাগ | ভর্তিচ্ছু বিভাগ |
|---|---|
| বিজ্ঞান | বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা |
| মানবিক | মানবিক ও ব্যবসায় শিক্ষা |
| ব্যবসায় শিক্ষা | মানবিক ও ব্যবসায় শিক্ষা |

## পাসের সাল

**২০২৩, ২০২৪, ২০২৫ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।**

- ভর্তির জন্য একজন শিক্ষার্থী ভর্তিচ্ছু বিভাগসমূহের মধ্যে হতে যেকোন একটি বিভাগে ভর্তি হতে পারবে।
- সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের অনুমতি ব্যতীত একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীকে ছাড়পত্র প্রদান করা হবে না।

## উচ্চমাধ্যমিক শ্রেণির জন্য বিভাগভিত্তিক বিষয় নির্বাচন

| বিভাগ | আবশ্যিক বিষয় | নৈর্বাচনিক বিষয় (যে কোন ৩টি) | ৪র্থ বিষয় (নৈর্বাচনিক বিষয় ব্যতীত যে কোন ১টি) |
|---|---|---|---|
| বিজ্ঞান | ১। বাংলা<br>২। ইংরেজি<br>৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ১। পদার্থ<br>২। রসায়ন<br>৩। গণিত/জীববিজ্ঞান | ১। উচ্চতর গণিত<br>২। জীববিজ্ঞান<br>৩। পরিসংখ্যান |
| মানবিক | ১। বাংলা<br>২। ইংরেজি<br>৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ১। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>২। পৌরনীতি ও সুশাসন<br>৩। অর্থনীতি<br>৪। যুক্তিবিদ্যা | ১। পৌরনীতি ও সুশাসন<br>২। অর্থনীতি<br>৩। যুক্তিবিদ্যা<br>৪। মনোবিজ্ঞান<br>৫। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>৬। পরিসংখ্যান |
| ব্যবসায় শিক্ষা | ১। বাংলা<br>২। ইংরেজি<br>৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ১। হিসাববিজ্ঞান<br>২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা<br>৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন | ১। পরিসংখ্যান<br>২। অর্থনীতি |

**দ্রষ্টব্য:** কোন ছাত্র-ছাত্রী নৈর্বাচনিক ও ৪র্থ বিষয় হিসেবে একই বিষয় নির্বাচন করতে পারবে না।

# ভর্তির সময় প্রদেয় বেতন ও ফি-সমূহ

| ক্রঃ নং | খাত | বিভাগ | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | বিজ্ঞান | | | মানবিক / ব্যবসায় শিক্ষা | | |
| | বিবরণ | সামরিক/ প্রতিরক্ষা (সাভূক্যা, এমইও, ক্যান্ট. বোর্ড) | সামরিক/ প্রতিরক্ষা (অবঃ) | অসামরিক | সামরিক/ প্রতিরক্ষা (সাভূক্যা, এমইও, ক্যান্ট. বোর্ড) | সামরিক/ প্রতিরক্ষা (অবঃ) | অসামরিক |
| ক) | মাসিক বেতন | ১০০০ | ১০৮০ | ১১৭০ | ৯০০ | ৯৬০ | ১০৪০ |
| খ) | বার্ষিক সেশন চার্জ ঃ | | | | | | |
| ১ | ভর্তি ফি | ৭৫০ | ৮২৫ | ৯০০ | ৬৭৫ | ৭৫০ | ৮২৫ |
| ২ | রক্ষণাবেক্ষণ ফি (বিল্ডিং ও বিদ্যুৎ) | ৭৫০ | ৯০০ | ১৫০০ | ৭৫০ | ৯০০ | ১২০০ |
| ৩ | কম্পিউটার ল্যাব চার্জ | ১৫০০ | ১৫০০ | ১৫০০ | ১৩৫০ | ১৩৫০ | ১৩৫০ |
| ৪ | পরীক্ষার ফি | ১৫০০ | ১৮০০ | ১৯৫০ | ১২০০ | ১৫০০ | ১৮০০ |
| ৫ | পরিচয়পত্র ফি | ৩০০ | ৩০০ | ৩০০ | ৩০০ | ৩০০ | ৩০০ |
| ৬ | রিপোর্ট কার্ড ফি | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ |
| ৭ | লাইব্রেরী কার্ড ফি | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ |
| ৮ | বেতন ফি বই/সিলেবাস | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ |
| ৯ | ম্যাগাজিন ফি | ৪৫০ | ৪৫০ | ৪৫০ | ৪৫০ | ৪৫০ | ৪৫০ |
| ১০ | বাৎসরিক সাহিত্য ও সাংস্কৃতিক ফি | ৩৭৫ | ৩৭৫ | ৩৭৫ | ৩৭৫ | ৩৭৫ | ৩৭৫ |
| ১১ | বাৎসরিক ধর্মীয় অনুষ্ঠান ফি | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ |
| ১২ | গ্রন্থাঃ জামাঃ (ফেরৎযোগ্য) | ৩০০ | ৩০০ | ৩০০ | ৩০০ | ৩০০ | ৩০০ |
| ১৩ | ল্যাবঃ জামাঃ (ফেরৎযোগ্য) | ৩০০ | ৩০০ | ৩০০ | ৩০০ | ৩০০ | ৩০০ |
| ১৪ | ল্যাবরেটরি ফি | ৬০০ | ৬৭৫ | ৭৫০ | ৪৫০ | ৬০০ | ৭৫০ |
| ১৫ | ছাত্র-ছাত্রী কল্যাণ তহবিল ফি (বাৎসরিক) | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ |
| ১৬ | বাৎসরিক ক্রীড়া ফি(অভ্য./বহি.) | ৪৫০ | ৪৫০ | ৪৫০ | ৩৭৫ | ৩৭৫ | ৩৭৫ |
| ১৭ | অভিভাবক দিবস ফি | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ |
| ১৮ | বিবিধ ফি (বাৎসরিক) | ৯০০ | ১০৫০ | ১২০০ | ৯০০ | ১০৫০ | ১২০০ |
| গ) | উন্নয়ন তহবিল | | | | | | |
| ১। | উন্নয়ন ফি | ০ | ২২৫০ | ২৩২৫ | ০ | ২২৫০ | ২৩২৫ |
| ঘ) | বিএনসিসি ফি (বাৎসরিক) | ৬০ | ৬০ | ৬০ | ৬০ | ৬০ | ৬০ |
| ঙ) | রোভার স্কাউট ফি (বাৎসরিক) | ৪০ | ৪০ | ৪০ | ৪০ | ৪০ | ৪০ |
| চ) | রেড ক্রিসেন্ট ফি | ২৪ | ২৪ | ২৪ | ২৪ | ২৪ | ২৪ |
| | মোট = | ৯১৯৯ | ১২১৯৯ | ১৩৩২৪ | ৮৪৪৯ | ১১৫২৪ | ১২৫৭৪ |
| | সর্বমোট (ক+খ+গ+ঘ+ঙ+চ) | ১০১৯৯ | ১৩২৭৯ | ১৪৪৯৪ | ৯৩৪৯ | ১২৪৮৪ | ১৩৬১৪ |

## ইউনিফর্ম

ইউনিফর্ম কলেজের পরিচিতি বহন করে। কলেজ নির্ধারিত ইউনিফর্ম পরিধান করে ছাত্র-ছাত্রীদের কলেজে আসা বাধ্যতামূলক। একাদশ শ্রেণির ক্লাস শুরু হওয়ার পূর্বেই সকল ছাত্র-ছাত্রীকে নিজ দায়িত্বে ইউনিফর্ম তৈরী করে নিতে হবে। ছাত্র-ছাত্রীদের নির্ধারিত ইউনিফর্মের বিবরণ:

| গ্রীষ্মকালীন | | শীতকালীন | |
|---|---|---|---|
| ছাত্র | ছাত্রী | ছাত্র | ছাত্রী |
| ১। সাদা হাফ শার্ট (সোল্ডারসহ)<br>২। প্যান্ট: নেভী ব্লু ফুল প্যান্ট (কুচি ক্রস পকেট)<br>৩। বেল্ট: কালো<br>৪। কালো জুতা (অক্সফোর্ড)<br>৫। মোজা: সাদা<br>৬। পরিচয়পত্র<br>৭। এ্যাপোলেট<br>৮। নেমপ্লেট | ১। সাদা সালোয়ার<br>২। কামিজ: সোল্ডারসহ হালকা আকাশী রং<br>৩। বেল্ট: কামিজের রঙের<br>৪। জুতা: সাদা কেড্‌স<br>৫। মোজা: সাদা<br>৬। স্কার্ফ: সাদা<br>৭। চুলে ব্যবহারের সাদা ফিতা<br>৮। কালো ক্লিপ<br>৯। সাদা দোপাট্টা/ ক্রস বেল্ট<br>১০। পরিচয়পত্র<br>১১। এ্যাপোলেট<br>১২। নেমপ্লেট | ১। সাদা ফুল শার্ট (সোল্ডারসহ)<br>২। প্যান্ট: নেভী ব্লু ফুল প্যান্ট (কুচি ক্রস পকেট)<br>৩। বেল্ট: কালো<br>৪। কালো জুতা (অক্সফোর্ড)<br>৫। মোজা: সাদা<br>৬। পরিচয়পত্র<br>৭। এ্যাপোলেট<br>৮। নেমপ্লেট<br>৯। সোয়েটার: নেভী ব্লু | ১। সাদা সালোয়ার<br>২। কামিজ: সোল্ডারসহ হালকা আকাশী রং<br>৩। বেল্ট: কামিজের রঙের<br>৪। জুতা: সাদা কেড্‌স<br>৫। মোজা: সাদা<br>৬। স্কার্ফ: সাদা<br>৭। চুলে ব্যবহারের সাদা ফিতা<br>৮। কালো ক্লিপ<br>৯। সাদা দোপাট্টা/ ক্রস বেল্ট<br>১০। পরিচয়পত্র<br>১১। এ্যাপোলেট<br>১২। নেমপ্লেট<br>১৩। সোয়েটার: নেভী ব্লু |

## বেতন পরিশোধের নিয়মাবলি

ছাত্র-ছাত্রীদের বেতন ও অন্যান্য ফি কলেজ নির্ধারিত তারিখে **Online** এ পরিশোধ করতে হবে। প্রতি মাসের ১৬ তারিখ থেকে ৩০ তারিখের মধ্যে বেতন ও অন্যান্য ফি পরিশোধ করতে হবে। কোন ছাত্র-ছাত্রী চলতি মাসের বেতন নির্দিষ্ট তারিখে পরিশোধ না করে ২য় মাসে বেতন পরিশোধ করলে ৫০/- টাকা জরিমানা প্রদান করতে হবে। যদি কোন ছাত্র-ছাত্রী ৩য় মাসে বেতন পরিশোধ করে তবে ভর্তির সমপরিমাণ টাকা জরিমানা দিয়ে পুনরায় ভর্তি হতে হবে। **উল্লেখ্য যে, ট্রাস্ট ব্যাংক কর্তৃক পরিচালিত ট্যাপ (TAP) এর মাধ্যমে অনলাইনে শিক্ষার্থীদের বেতন ও অন্যান্য ফি পরিশোধ করতে হবে।**

## ছাত্র-ছাত্রীদের জন্য অবশ্য পালনীয় নিয়মাবলি

০১। প্রত্যেক ছাত্র-ছাত্রীকে অবশ্যই পরিচয়পত্র বহন করতে হবে।

০২। ছাত্র-ছাত্রীদের যেকোনো প্রকার অলংকার, উগ্র প্রসাধনী এবং ফ্যাশনেবল চুলের সামগ্রী ব্যবহার করা নিষিদ্ধ। কলেজ অঙ্গনে সর্বদা নির্ধারিত পোশাক পরে আসতে হবে।

০৩। ছেলেদের চুল ছোট (আর্মি কাট) রাখতে হবে।

০৪। প্রতিষ্ঠানের নির্ধারিত পোশাকে সকল ছাত্র-ছাত্রীকে প্রতি কার্যদিবসে সকাল ৮.৩০ মিনিটের মধ্যে অ্যাসেম্বলিতে হাজির হওয়া বাধ্যতামূলক।

০৫। ছাত্র-ছাত্রীরা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোনো প্রকার রাজনৈতিক কার্যে অংশগ্রহণ করতে পারবে না।

০৬। প্রতিষ্ঠানের সম্পদের কোনরূপ ক্ষতি সাধন করা যাবে না।

০৭। ডেস্ক, টেবিল, চেয়ার, দেয়াল, দরজা, জানালা ইত্যাদিতে কোনো কিছু অংকন করা/লেখা যাবে না।

০৮। ময়লা-অবর্জনা, টিফিনের বর্জ্য, ছেঁড়া কাগজ, ফলের খোসা ইত্যাদি যত্রতত্র না ফেলে শ্রেণিকক্ষে রক্ষিত ঝুড়িতে ফেলতে হবে।

০৯। প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের সাথে অশালীন ও অশোভন আচরণ করা যাবে না।

১০। প্রতারণা করা, মিথ্যা বলা, চুরি করা ও অশোভন আচরণ করা যাবে না।

১১। নির্ধারিত সময়ে বেতন পরিশোধ করতে হবে।

১২। ক্লাসে গল্পের বই/পত্রিকা/ খেলার সামগ্রী/ ক্যামেরা/ ওয়াকম্যান/ মোবাইল ফোন নিয়ে আসা যাবে না।

১৩। কলেজে আসার পর ক্লাস ছুটি না হওয়া পর্যন্ত কোন ছাত্র-ছাত্রী অনুমতি ব্যতীত কলেজ ক্যাম্পাস ত্যাগ করতে পারবে না। (ক্লাস ছুটির পর ছাত্র-ছাত্রীরা সরাসরি গৃহে প্রত্যাবর্তন করবে।)

১৪। ধূমপান ও কোন প্রকার নেশা জাতীয় দ্রব্য গ্রহণ করা যাবে না।

১৫। কলেজ ক্যাম্পাসে সাইকেল চালানো নিষিদ্ধ। নির্ধারিত স্থানে তালাবদ্ধ করে সাইকেল পার্ক করতে হবে।

১৬। ছোটকে স্নেহ করবে, বড়কে সম্মান দেখাবে, গুরুজনকে ভক্তি শ্রদ্ধা প্রদর্শন করবে, সদা সত্য কথা বলবে। অসৎ সঙ্গ পরিহার করবে।

১৭। ছাত্র-ছাত্রীদের অনুপস্থিতি প্রসঙ্গেঃ

ক) অধ্যক্ষ/ শ্রেণিশিক্ষকের পূর্বানুমতি ব্যতীত কোন ছাত্র/ছাত্রী শ্রেণিতে অনুপস্থিত থাকতে পারবে না।

খ) ক্লাসে অনুপস্থিতি নিরুৎসাহিত করার জন্য ইচ্ছাকৃতভাবে একদিন ক্লাসে উপস্থিত না থাকলে অথবা যেকোন একটি ক্লাসে উপস্থিত না থাকলে ৫০ টাকা হারে জরিমানা দিতে হবে।

গ) কোন ছাত্র-ছাত্রী প্রতি পর্বের মোট কার্যদিবসের ৭৫% ক্লাসে উপস্থিত না থাকলে ঐ পর্ব পরীক্ষায় তাকে অংশগ্রহণ করতে দেয়া হবে না।

ঘ) অনুমতি নিয়ে কোন ছাত্র-ছাত্রী শ্রেণিতে অনুপস্থিত থাকলে তা অনুমোদিত ছুটি হিসেবে গণ্য হবে।

## শৃঙ্খলা ব্যবস্থা

ক্যান্টনমেন্ট কলেজ একটি সু-শৃংখল শিক্ষা প্রতিষ্ঠান। কোনো শিক্ষার্থী কলেজের নিয়ম-শৃঙ্খলা পরিপন্থী কর্মকাণ্ডে জড়িত হলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়। গুরুতর অপরাধ করলে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীকে ছাড়পত্র দিয়ে কলেজ থেকে বহিষ্কার করা হয়।

## ডিউটি সুপার পদ্ধতি

ছাত্র-ছাত্রীদের সার্বক্ষণিক পর্যবেক্ষণ, শৃঙ্খলা রক্ষা এবং সময়মতো ক্লাসসমূহ অনুষ্ঠিত হচ্ছে কি-না তা তদারকির জন্য প্রত্যেক কার্যদিবসে দুইজন করে শিক্ষক এবং ক্রীড়া শিক্ষক ডিউটি সুপারের দায়িত্ব পালন করে থাকেন।

## শ্রেণি শিক্ষক

ছাত্র-ছাত্রীদের একাডেমিক বিষয়সহ সার্বিক দিক তদারকির জন্য বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা বিভাগে প্রত্যেক শাখায় একজন করে শ্রেণি শিক্ষক নিয়োজিত রয়েছেন।

## গাইড শিক্ষক

মোটিভেশন/কাউন্সেলিংসহ নিবিড় পর্যবেক্ষনের জন্য প্রতি ১০ জন ছাত্র-ছাত্রীর জন্য একজন গাইড শিক্ষক রয়েছেন।

## কলেজের কার্যক্রম

### ››পাঠদান পদ্ধতি ‹‹

প্রতি ক্লাসকে ফলপ্রসূ করার জন্য বিষয় শিক্ষকগণ পাঠ পরিকল্পনা অনুযায়ী ডিজিটাল কনটেন্ট তৈরি করে পাঠদান করে থাকেন। শ্রেণিকক্ষে নির্দিষ্ট সময় পাঠদানের পরও যদি কোন ছাত্র/ছাত্রীর কোন বিষয়ে বুঝতে অসুবিধা হয় তাহলে তাকে সংশ্লিষ্ট বিষয় শিক্ষক পুনরায় তা সমাধান করে দেন।

### শিক্ষার্থীদের অনুপস্থিতি অবহিতকরণ

কোন শিক্ষার্থী ক্লাসে অনুপস্থিত থাকলে তা SMS/Whats App এর মাধ্যমে অভিভাবকগণকে সাথে সাথে অবহিত করা হয়।

### অভ্যন্তরীণ পরীক্ষা

প্রথম বর্ষে ১ম সাময়িক পরীক্ষা ও বর্ষ উন্নয়ন পরীক্ষা অনুষ্ঠিত হয়। দ্বিতীয় বর্ষে প্রাক নির্বাচনী ও নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হয়। এছাড়াও প্রতি পর্বে দুটি করে টিউটোরিয়াল পরীক্ষা নেয়া হয়।

### অভিভাবক দিবস

প্রতিটি পরীক্ষার পর ফলাফল প্রকাশের দিন শিক্ষার্থীদের অগ্রগতি, কলেজে উপস্থিতি নিশ্চিতকরণ ও লেখাপড়ার উত্তরোত্তর উন্নতির লক্ষ্যে নির্দিষ্ট দিনে অভিভাবকদের নিয়ে মতবিনিময় সভার আয়োজন করা হয়।

## ক্লাসের সময়সূচী

শুক্র ও শনিবার এবং অন্যান্য সরকারি ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ০৮.৩০ ঘটিকা থেকে ২.০০ ঘটিকা পর্যন্ত কলেজের শ্রেণি কার্যক্রম পরিচালিত হয়।


## ধূমপান ও রাজনীতিমুক্ত

কলেজটি সম্পূর্ণরূপে ধূমপান ও রাজনীতিমুক্ত। এ কারণে কোন ছাত্র-ছাত্রী দোষী সাব্যস্ত হলে তার বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়।

## প্রাতঃকালীন সমাবেশ



শ্রেণি কার্যক্রম শুরুর পূর্বে নিয়মিত প্রাতঃকালীন সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে সকল শিক্ষক ও ছাত্র-ছাত্রীর অংশগ্রহণ বাধ্যতামূলক।




## একাডেমিক ক্যালেন্ডার

প্রতি বছর পরীক্ষাসহ যাবতীয় কার্যক্রমের উপর ভিত্তি করে একাডেমিক ক্যালেন্ডার প্রণয়নপূর্বক কার্যক্রম পরিচালিত হয়।

## সুবিধাসমূহ

### গ্রন্থাগার



গ্রন্থাগার কলেজের একটি অবিচ্ছেদ্য অংশ। ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের অধ্যয়নের জন্য একটি সমৃদ্ধ গ্রন্থাগার রয়েছে। গ্রন্থাগারে ছাত্র-ছাত্রীদের বই পড়ার পাশাপাশি কয়েকটি ইংরেজি ও বাংলা দৈনিক পত্রিকা পড়ার সুযোগ রয়েছে। কলেজের সকল ছাত্র-ছাত্রী পাঠ্য বিষয় ছাড়াও বিভিন্ন জ্ঞান-বিজ্ঞান ও রেফারেন্স বইসমূহ গ্রন্থাগার হতে ইস্যু করে বাড়িতে নিতে পারে।

### বিজ্ঞানাগার



কলেজে পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান ব্যবহারিক ক্লাসের জন্য পৃথক পৃথক বিজ্ঞানাগারের ব্যবস্থা রয়েছে। বিজ্ঞানাগারসমূহ বিভাগীয় শিক্ষক ও প্রদর্শক দ্বারা পরিচালিত হয়। উল্লেখ্য, বিজ্ঞানাগারগুলো আধুনিক যন্ত্রপাতি সমৃদ্ধ।

## কম্পিউটার ল্যাব




আইসিটি বিষয়ের ব্যবহারিক ক্লাস পরিচালনার সুবিধার্থে শিক্ষার্থীদের জন্য একটি আধুনিক ও উন্নত কম্পিউটার ল্যাবরেটরি রয়েছে।

## কলেজের সহশিক্ষা কার্যক্রম

শিক্ষার্থীদের লেখাপড়ার পাশাপাশি সহশিক্ষা কার্যক্রম যথাযথভাবে পরিচালনার নিমিত্তে কলেজ পরিচালনা পর্ষদের সাবেক সভাপতি ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জামাল হোসেন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, স্টেশন কমান্ডার, স্টেশন সদর দপ্তর, কুমিল্লা সেনানিবাস মহোদয়ের নির্দেশনা মোতাবেক বিভিন্ন ক্লাব গঠন করা হয়েছিল। ক্লাবসমূহের সংক্ষিপ্ত পরিচিতি নিম্নরূপ:

### বিজ্ঞান ক্লাব:




আধুনিক বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলার জন্য বিজ্ঞান চর্চার কোনো বিকল্প নেই। এই উদ্দেশ্যকে সামনে রেখে এবং বাস্তব জীবনের বিভিন্ন ঘটনাবলীর সাথে বিজ্ঞানকে মিলানোর অভিপ্রায়ে ক্যান্টনমেন্ট কলেজে বিজ্ঞান ক্লাব গঠন করা হয়েছে। এ ক্লাবে ব্যবহারিক কাজের মাধ্যমে শিক্ষাদানের চেষ্টা করা হয় এবং প্রতিবছর বিভিন্ন প্রতিযোগিতামূলক অলিম্পিয়াড, কনটেস্ট, কুইজ, সেমিনার, ওয়ার্কশপ, প্রদর্শনী ইত্যাদি আয়োজন করা হয়। সম্প্রতি বিজ্ঞান ক্লাবের আওতায় রোবোটিক্স ও প্রোগ্রামিং শীর্ষক একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। উক্ত কর্মশালায় জেলা প্রশাসক, কুমিল্লা মহোদয় মূখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন।

## গণিত ক্লাব:



শিক্ষার্থীদের গণিতের দক্ষতা ও আগ্রহ বাড়ানোর লক্ষ্যে গণিত ক্লাব প্রতিষ্ঠা করা হয়েছে যেখানে শিক্ষার্থীরা গণিতের অন্তর্নিহিত বিষয়গুলো অনুধাবনসহ বিভিন্ন গাণিতিক সমস্যার সমাধান করে নিতে পারে।

## বিতর্ক ও বক্তৃতা ক্লাব:



কোনো নির্দিষ্ট বিষয়কে যুক্তির মাধ্যমে নান্দনিকভাবে উপস্থাপন করাই হলো বিতর্ক। বিতর্কের চর্চা শিক্ষার্থীদের জ্ঞানের পরিধি বৃদ্ধি করে, মুক্তবুদ্ধির বিকাশ ঘটায় এবং সর্বোপরি যুক্তিবাদী সমাজ বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এ গুরুত্বকে উপলব্ধি করে ক্যান্টনমেন্ট কলেজ বিতর্ক ও বক্তৃতা ক্লাব তার কার্যক্রম শুরু করে। প্রতি সপ্তাহের নির্দিষ্ট দিনে (ক্লাব দিবসে) এ ক্লাবের সদস্যরা বিতর্ক চর্চায় অংশ নিয়ে থাকে। সম্প্রতি ভিক্টোরিয়া কলেজ বিতর্ক পরিষদ আয়োজিত আন্তঃস্কুল ও আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ করে এ ক্লাবের বিতার্কিকবৃন্দ কোয়ার্টার ফাইনালে উন্নীত হয়েছে।

## আবৃত্তি ক্লাব:

বাংলা ভাষার প্রমিত উচ্চারণ, বাচনিক উৎকর্ষ, অনুষ্ঠান উপস্থাপনা প্রভৃতি বিষয়ে শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধির জন্য আবৃত্তি ক্লাব গঠন করা হয়েছে।



## সঙ্গীত ক্লাবঃ



সঙ্গীত চর্চার মাধ্যমে মানুষের প্রাণশক্তি জাগ্রত হয়। ক্লাসের তাত্ত্বিক আলোচনার একঘেয়েমি দূর করতে এবং মনকে প্রফুল্ল রাখার ক্ষেত্রে সংগীত চর্চা অত্যন্ত ফলপ্রসূ। সংগীতের মাধ্যমে দেশের ইতিহাস, ঐতিহ্য, মুক্তিযুদ্ধ, জাতীয়তাবোধ প্রভৃতি শিক্ষণীয় বিষয়বস্তু আনন্দদায়ক পরিবেশে শিক্ষার্থীদের মাঝে অনুপ্রবেশ করানো যায়। সে লক্ষ্যেই গঠিত হয়েছে সংগীত ক্লাব।



## নৃত্য ক্লাব:

নৃত্য ক্লাবের উদ্দেশ্য হলো বিভিন্ন নাচের শৈলী শেখানো। তবে এই ক্লাবটি কেবল নাচের উপরই গুরুত্ব আরোপ করে না বরং শিক্ষার্থীদের মনের সকল কু-প্রবৃত্তি দূর করে তাদের পরিশ্রমী ও অধ্যবসায়ী হতে সাহায্য করে।

## ড্রামা ক্লাব:

Drama বা নাটক সাহিত্যের অন্যতম ধারা। প্রাত্যহিক জীবনের বিভিন্ন ঘটনার শৈল্পিক অভিব্যক্তি প্রকাশ পায় নাটকের মাধ্যমে। তাই কোমলমতি শিক্ষার্থীদের অনুপ্রাণিত করতে এবং তাদের মধ্যে জীবনবোধ সৃষ্টিতে ড্রামা ক্লাব গঠন করা হয়েছে। এ ক্লাবের আওতায় বিভিন্ন সময় কলেজে নাট্যানুষ্ঠানের আয়োজয় করা হয়ে থাকে।






# LANGUAGE Club

The beauty of soul lies in the proper uses of a language. Language Club of Cantonment College started its glorious journey in 2022 with a view to promoting the beauty of using an international language as well as mother tongue. Learning a foreign language particularly an international language opens a new window which sets the user in a new horizon of life.

CCC language club is an excellent platform of sharing and learning where the participants express themselves in a different way. The limits of language mean the limits of the world. Communication skill of a person remains incomplete without knowing a foreign language. We believe, Language Club of CCC will certainly help a student to explore himself worldwide.

This club provides a very different experience from the traditional system of teaching and learning languages offering more advanced features and functionalities. We left no stone unturned to maximize the students capability of reading, writing, listening and speaking skill in English language which is the most widely used communicating tool across the globe.

## গেমস ক্লাব:

সুস্থ দেহে সুন্দর মনের বাস। শরীরের ক্লান্তি-অবসাদ দূর করতে এবং মস্তিষ্ককে চাপমুক্ত রাখতে খেলাধুলার কোন বিকল্প নেই। শুধু তাই নয় মানসিক প্রফুল্লতা অর্জনে খেলাধুলার ভূমিকা অনেক। এ গুরুত্বকে উপলব্ধি করে গেমস ক্লাব গঠন করা হয়েছে।
এ ক্লাবের আওতায় শিক্ষার্থীরা নানা ধরনের ইনডোর ও আউটডোর গেইমসে অংশ নিয়ে থাকে।



## সাধারণ জ্ঞান ক্লাবঃ



পরিবর্তনশীল এই বিশ্বে নিত্য নতুন বিষয় সম্পর্কে আমাদের সর্বদা আপডেটেড থাকতে হয়। তাছাড়া বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তি কিংবা চাকুরির ক্ষেত্রে সাধারণ জ্ঞানের পরীক্ষা দিতে হয়। তাই শিক্ষার্থীদের সাধারণ জ্ঞানের উপর চর্চা করানোর জন্য সারা বছরব্যাপী এ ক্লাবের বিভিন্ন কর্মসূচি থাকে।





## আর্ট এন্ড ফটোগ্রাফি ক্লাবঃ

আর্ট এন্ড ফটোগ্রাফি ক্লাব ক্যান্টনমেন্ট কলেজের শিক্ষার্থীদের সৃজনশীলতা বিকাশের অন্যতম ক্ষেত্র। কোনো বিশেষ দৃশ্যকে রং তুলির আঁচড়ে লেপন কিংবা কোনো বিশেষ মুহূর্তকে ক্যামেরায় ধারণ করার টিপস ও কলাকৌশল এ ক্লাবে শেখানো হয়।

## ইতিহাস, সংস্কৃতি ও নৈতিক শিক্ষা ক্লাবঃ

নৈতিকতা মানুষকে সুকুমারবৃত্তি অনুশীলনে তথা ভালো কাজে উৎসাহিত করে এবং খারাপ কাজ হতে বিরত রাখে। ন্যায়বোধের উৎস হলো জ্ঞান আর অন্যায়বোধের উৎস হলো অজ্ঞতা। কোমলমতি শিক্ষার্থীদের মাঝে নম্রতা-ভদ্রতা, সংযম-সহনশীলতা, আত্মশুদ্ধি, শৃঙ্খলা, সৌজন্যবোধ প্রভৃতি মূল্যবোধের বিকাশকল্পে এবং দেশের ইতিহাস ও সংস্কৃতি সম্পর্কে তাদের সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে 'ইতিহাস, সংস্কৃতি ও নৈতিক শিক্ষা ক্লাব' গঠন করা হয়েছে। এ ক্লাবের আওতায় কলেজের প্রাত্যহিক সমাবেশে শিক্ষার্থীদের সামনে দেশের ইতিহাস, সংস্কৃতি এবং তাদের জন্য করণীয় ও বর্জনীয় বিষয়গুলো তুলে ধরা হয়।

## কমনরুম

কোনো ছাত্র-ছাত্রীর সংশ্লিষ্ট বিষয়ে ক্লাস না থাকলে সময় কাটানোর সুবিধার্থে পৃথক কমনরুমের ব্যবস্থা রাখা হয়েছে। কমনরুমে বিভিন্ন ইনডোর গেমস এর ব্যবস্থা আছে।





## ক্যান্টিন

ছাত্র-ছাত্রীদের সকাল সকাল কলেজে আসা ও দীর্ঘ সময় অবস্থানের কারণে স্বাস্থ্যসম্মত খাবার খাওয়া অত্যাবশ্যক। এ জন্য কলেজ ক্যাম্পাসে একটি স্বাস্থ্যসম্মত খাবারের ক্যান্টিন রয়েছে।

## বনভোজন/শিক্ষা সফর

চিত্তবিনোদন ও অনাবিল আনন্দের উপকরণ হিসেবে প্রতি বছরের কর্মসূচিতে রয়েছে শিক্ষা সফর। যার মাধ্যমে ছাত্র-ছাত্রীরা দেশের ইতিহাস ও ঐতিহ্য সম্পর্কে বাস্তব জ্ঞান আহরণ করতে পারে এবং শ্রেণিকক্ষের পঠন-পাঠনের একঘেয়েমি ও অবসন্নতা দূর করতে পারে।



## কলেজ বার্ষিকী



## জাতীয় ও গুরুত্বপূর্ণ দিবস পালন

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, সশস্ত্র বাহিনী দিবস, বিজয় দিবসসহ জাতীয় পর্যায়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ দিবসসমূহ যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। এছাড়াও বার্ষিক মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।







## চিকিৎসা সুবিধা

কোন ছাত্র-ছাত্রী হঠাৎ অসুস্থ হয়ে পড়লে তাৎক্ষণিক ভাবে চিকিৎসা দেয়ার ব্যবস্থা করা হয়।।

## কল্যাণ তহবিল

দরিদ্র ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার সুবিধার্থে কলেজে একটি কল্যাণ তহবিল আছে। উক্ত তহবিল থেকে দরিদ্র ছাত্র-ছাত্রীদের জন্য বৃত্তির ব্যবস্থা রয়েছে।

## নবীনবরণ

একাদশ শ্রেণিতে ভর্তি শেষে প্রতি বছর শ্রেণি কার্যক্রম শুরুর দিন নবাগত শিক্ষার্থীদের বরণ করে নেয়া হয়।

## এইচ.এস.সি পরীক্ষার্থীদের বিশেষ যত্ন

ভাল ফলাফলের প্রত্যাশায় প্রতি বছর উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের নিয়ে নির্বাচনী পরীক্ষার পর সকল বিষয়ে অতিরিক্ত/বিশেষ ক্লাস অনুষ্ঠিত হয়। পরীক্ষার পূর্ব প্রস্তুতি হিসেবে সকল বিষয়ে একাধিক মডেল টেস্টও নেওয়া হয়।







## হাউস পরিচিতি

ছাত্র-ছাত্রীদের শেরে বাংলা হাউজ, সলিমুল্লাহ হাউস ও জসীম উদ্‌দীন হাউস এ বিভক্ত করে বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হয়। বার্ষিক ক্রীড়া, সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতাগুলো হাউস ভিত্তিক হওয়ায় শিক্ষার্থীদের মাঝে প্রতিযোগিতার মানসিকতা গড়ে উঠে। প্রতি হাউসের নিজস্ব হাউস কালার আছে।

| হাউসের নাম | কালার |
|---|---|
| শেরে বাংলা | নেভি ব্লু |
| সলিমুল্লাহ | মেরুন |
| জসীম উদ্‌দীন | সবুজ |

## বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান

প্রতি বছর ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে বার্ষিক ক্রীড়া ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে সকল অভিভাবক ও সম্মানিত ব্যক্তিবর্গ আমন্ত্রিত হন। এছাড়াও ক্যারাম, দাবা, ক্রিকেট, ফুটবল, ভলিবল এবং ব্যাডমিন্টন ইত্যাদি খেলা নিয়মিত অনুষ্ঠিত হয় ও এসব ইভেন্টে বিজয়ীদের পুরস্কৃত করা হয়।





## বিএনসিসি

বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) কঠোর পরিশ্রম, মেধা ও শৃংখলার দ্বারা সর্বদা দেশের দুর্যোগপূর্ণ সময়ে সেবা করে যাচ্ছে। এ কলেজেও বিএনসিসি এর কার্যক্রম চালু আছে।



## রোভার স্কাউট

সুস্থ-সুন্দর দেহ ও মনের জন্য স্কাউটিং অপরিহার্য। এ জন্য কলেজে রোভার স্কাউট কার্যক্রম চালু রয়েছে।

## বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি বন্যা, ঘূর্ণিঝড় এবং অন্যান্য প্রাকৃতিক দুর্যোগের সময় ত্রান ও পুনর্বাসনে সহায়ক ভূমিকা পালন করছে। এ কলেজে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি যুব রেড ক্রিসেন্ট এর কার্যক্রম চালু রয়েছে।



### পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি

ছাত্র-ছাত্রীদের ক্লাসে নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণের জন্য ১ম সাময়িক, বর্ষ উন্নয়ন ও প্রাক নির্বাচনী পরীক্ষায় প্রত্যেক বিষয়ে সর্বমোট ১০০ নম্বরের মধ্যে ৫ নম্বর উপস্থিতির জন্য রাখা হয়েছে। এছাড়া আরও ২০ নম্বর টিউটোরিয়াল পরীক্ষার জন্য নির্ধারিত আছে। অর্থাৎ সর্বমোট ১০০ নম্বরের মধ্যে উপস্থিতি ৫, টিউটোরিয়াল ২০, ১ম সাময়িক/বর্ষ উন্নয়ন/প্রাক-নির্বাচনী পরীক্ষায় ৭৫ নম্বর নির্ধারিত আছে। নির্বাচনী পরীক্ষার নম্বর বন্টন বোর্ড পরীক্ষার অনুরূপ হয়ে থাকে। অর্থাৎ কুমিল্লা শিক্ষা বোর্ডের প্রতি বিষয়ে প্রতি পত্রে সর্বমোট ১০০ নম্বর এবং প্রতি পরীক্ষায় প্রশ্নের মান বন্টন অনুসরণ করে নির্বাচনী পরীক্ষা গ্রহণ করা হয়। গ্রেডিং পদ্ধতিতে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়।

# শিক্ষক পরিচিতি

| ক্র:নং | নাম ও শিক্ষাগত যোগ্যতা | পদবী ও বিষয় | মোবাইল |
|---|---|---|---|
| ০১ | **জনাব নূর নাহার ইয়াসমিন**<br>বি.এ (অনার্স), এম.এ (বাংলা), ঢা.বি. | অধ্যক্ষ | ০১৭৬৯-৩৩৩১৭৪ |
| ০২ | **জনাব সামায়ুন কবির ভূঞা**<br>বি.এসসি (অনার্স), এম.এসসি (রসায়ন), চ.বি. | সহকারী অধ্যাপক (রসায়ন) | ০১৮১৯-৬১০৮৩৭ |
| ০৩ | **জনাব মোহাম্মদ আনিসুর রহমান**<br>বি.কম (অনার্স), এম.কম (হিসাববিজ্ঞান), জা.বি. | সহকারী অধ্যাপক (হিসাববিজ্ঞান) | ০১৮১৯-৪৬১৫৭৯ |
| ০৪ | **জনাব রনজিত চন্দ্র সাহা**<br>বি.এ (অনার্স), এম.এ (ইংরেজি), ঢা.বি. | জ্যেষ্ঠ প্রভাষক (ইংরেজি) | ০১৭১১-৭৮৯২৮৮ |
| ০৫ | **জনাব মোহাম্মদ নেওয়াজ আহমেদ ভূঞা**<br>বি.এসসি (অনার্স), এম.এসসি (পদার্থবিজ্ঞান), জা.বি. | জ্যেষ্ঠ প্রভাষক (পদার্থবিজ্ঞান) | ০১৭১২-৬৫৪২৫১ |
| ০৬ | **জনাব মোহাম্মদ এনামুল হক খান**<br>বি.এসসি (অনার্স), এম.এসসি (গণিত), চ.বি. | জ্যেষ্ঠ প্রভাষক (গণিত) | ০১৭১২-১৮১৭৬৮ |
| ০৭ | **জনাব মুহাম্মদ আসাদুজ্জামান**<br>বি.এস.এস. (অনার্স), এম.এস.এস. (রাষ্ট্রবিজ্ঞান), ঢা.বি. | জ্যেষ্ঠ প্রভাষক (পৌরনীতি/রাষ্ট্রবিজ্ঞান) | ০১৭৫৮-৮৪০৪৫৫ |
| ০৮ | **জনাব মোহাম্মদ উবায়দুল্লাহ**<br>বি.এ (অনার্স), এম.এ (দর্শন), এম.ফিল. ঢা.বি. ও এল.এল.বি | জ্যেষ্ঠ প্রভাষক (যুক্তিবিদ্যা/দর্শন) | ০১৭১২-৭৭৮৮২৯ |
| ০৯ | **জনাব শামীম অহমেদ**<br>বি.এসসি (অনার্স), এম.এসসি (পরিসংখ্যান), ঢা.বি.<br>EMCA (Computer Science) | জ্যেষ্ঠ প্রভাষক (পরিসংখ্যান) | ০১৯২০-৯৬১৪৭৫ |
| ১০ | **জনাব জহিরুল ইসলাম**<br>বি.এ (অনার্স), এম.এ (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), ঢা.বি. | জ্যেষ্ঠ প্রভাষক (ইসলামের ইতিহাস) | ০১৯১৩-৭৮৯৯১৪ |
| ১১ | **জনাব মোঃ জাকির হোসেন**<br>বি.এস.এস (অনার্স), এম.এস.এস (অর্থনীতি), জা.বি. | জ্যেষ্ঠ প্রভাষক (অর্থনীতি) | ০১৮১৭-৫৩০১৮০ |
| ১২ | **জনাব মোঃ আনোয়ারুল আজম**<br>বি.এস.এস (অনার্স), এম.এস.এস (অর্থনীতি), জা.বি.<br>EMCA (Computer Science) | প্রভাষক (অর্থনীতি) | ০১৯১৮-৬২১৭২০ |
| ১৩ | **জনাব মোঃ শহিদুল ইসলাম**<br>বিএসএস,ডিপ্লোমা-ইন লাইব্রেরি সাইন্স, এমএসসি (লাইব্রেরি ম্যানেজমেন্ট এন্ড ইনফরমেশন সাইন্স) | লাইব্রেরীয়ান | ০১৮১৯-৪৬১৩৮০ |
| ১৪ | **জনাব মোঃ নাজমুল আমিন**<br>বি.এসসি (অনার্স), এম.এসসি (মনোবিজ্ঞান), রা.বি. | প্রভাষক (মনোবিজ্ঞান) | ০১৭১২-৬২২৭২৪ |
| ১৫ | **জনাব মোঃ আবু তাহের**<br>বি.বি.এস (অনার্স), এম.বি.এস (ব্যবস্থাপনা), জা.বি. | প্রভাষক (ব্যবস্থাপনা) | ০১৯১২-৩৭২৬৭৭ |
| ১৬ | **জনাব মোসাঃ আসেকীনা সীমা**<br>বি.বি.এস (অনার্স), এম.বি.এস (হিসাববিজ্ঞান), জা.বি. | প্রভাষক (হিসাববিজ্ঞান) | ০১৭৩৯-৫২২৩২৪ |
| ১৭ | **জনাব মর্জিনা আক্তার**<br>বি.এ (অনার্স), এম.এ (বাংলা), জা.বি. | প্রভাষক (বাংলা) | ০১৭৩৩-৮৬০৫০০ |
| ১৮ | **জনাব মোঃ শাহ পরান**<br>বি.বি.এ, এম.বি.এ (মার্কেটিং), জ.বি. | প্রভাষক (উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) | ০১৮৮৬-৫৪৩২১০ |
| ১৯ | **জনাব মোঃ হানিফ খান**<br>বি.এসসি (অনার্স), এম.এসসি (প্রাণিবিজ্ঞান), জা.বি. | প্রভাষক (জীববিজ্ঞান) | ০১৭৪৮-৬৪৪৫৮৮ |
| ২০ | **জনাব মোঃ আশরাফ আলী**<br>বি.এস.এস (অনার্স), এম.এস.এস. (সরকার ও রাজনীতি), জা.বি. | প্রভাষক (পৌরনীতি ও সুশাসন) | ০১৭১৫-৮১১৪২৫ |

## শিক্ষক পরিচিতি

| ক্র:নং | নাম ও শিক্ষাগত যোগ্যতা | পদবী ও বিষয় | মোবাইল |
|---|---|---|---|
| ২১ | **জনাব মৃত্যুঞ্জয় বিশ্বাস**<br>বি.এসসি (অনার্স), এম.এসসি (সিএসই), জা.বি. | প্রভাষক<br>(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ০১৮৯২-৮৫৪০৭৭ |
| ২২ | **জনাব মুস্তাফিজুর রহমান**<br>বি.এ.(অনার্স), এম.এ (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), ঢা.বি. | প্রভাষক<br>(ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) | ০১৫১৫-২৪২৪৯৭ |
| ২৩ | **জনাব মোঃ আব্দুল্লাহ-আল মামুন**<br>বি.এ (অনার্স), এম.এ (ইংরেজি), জ.বি. | প্রভাষক<br>(ইংরেজি) | ০১৫১৬-১৯০১৪৬ |
| ২৪ | **জনাব রেজাউল করিম**<br>বিবিএ, এমবিএ (ব্যবস্থাপনা), জ.বি. | প্রভাষক<br>(ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা) | ০১৬৭৫-৩০২৩২২ |
| ২৫ | **জনাব মোঃ নাসির উদ্দিন**<br>বি.এসসি (অনার্স), এম.এসসি (আইসিটি), ই.বি. | প্রভাষক<br>(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ০১৭৫০-০৫১১০৪ |
| ২৬ | **জনাব মোহাম্মদ জাফিন হোসেন**<br>বি.এ.(অনার্স), এম.এ.(ইংরেজি), চ.বি. | প্রভাষক<br>(ইংরেজি) | ০১৫২১-২২৪৬৩৯ |
| ২৭ | **জনাব মাফিজুর রহমান**<br>বি.এ.(অনার্স), এম.এ.(বাংলা), ঢা.বি. | প্রভাষক<br>(বাংলা) | ০১৭৭৫-৯০৪২২২ |
| ২৮ | **জনাব ইয়াছমিন সুলতানা**<br>বি.এ (অনার্স), এম.এ (দর্শন), ঢা.বি. | প্রভাষক<br>(যুক্তিবিদ্যা) | ০১৫৭৬-৭৬৯৮৯৫ |
| ২৯ | **জনাব মোঃ আল-মামুন**<br>বি.এ.(অনার্স), এম.এ. (ইতিহাস), ঢা.বি. | প্রভাষক<br>(ইতিহাস) | ০১৮৩৬-১৭৬৩৫১ |
| ৩০ | **জনাব বিকাশ চন্দ্র বীর**<br>এম.এসসি, বিএড, জা.বি. | প্রদর্শক<br>(পদার্থবিজ্ঞান) | ০১৬৭৭-৩৪৭৫৭৮ |
| ৩১ | **জনাব মোহাম্মদ মিজানুর রহমান**<br>এম.কম, বি.পি.এড, জা.বি. | সহকারী শিক্ষক<br>(শরীরচর্চা) | ০১৭৬৬-৯৪৯০০১ |
| ৩২ | **জনাব মোঃ রাকিব হোসেন**<br>বি.এসসি (অনার্স), এম.এসসি (ফলিত রসায়ন ও রসায়ন প্রকৌশল), রা.বি. | প্রদর্শক<br>(রসায়ন) | ০১৭৬৭-৩৬০৬৩৫ |

## ২০২৫-২৬ শিক্ষাবর্ষে শ্রেণি শিক্ষক হিসেবে দায়িত্বপ্রাপ্ত শিক্ষকবৃন্দ

| ক্রঃ নং | নাম | পদবী | শাখা |
|---|---|---|---|
| ১। | **জনাব মোহাম্মদ এনামুল হক খান** | জ্যেষ্ঠ প্রভাষক (গণিত) | বিজ্ঞান-ক |
| ২। | **জনাব মোহাম্মদ জাফিন হোসেন** | প্রভাষক (ইংরেজি) | বিজ্ঞান-খ |
| ৩। | **জনাব মোঃ জাকির হোসেন** | জ্যেষ্ঠ প্রভাষক (অর্থনীতি) | মানবিক-ক |
| ৪। | **জনাব মোঃ নাসির উদ্দিন** | প্রভাষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | মানবিক-খ |
| ৫। | **জনাব মোঃ আব্দুল্লাহ-আল মামুন** | প্রভাষক (ইংরেজি) | ব্যবসায় শিক্ষা |

# কলেজের অবস্থান


উ:
দ:
পূ:
প:
টিপরা বাজার
ঢাকা
ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক
চট্টগ্রাম
ঢাকা
১. ক্যান্ট. বোর্ড
২. ক্যান্ট. বোর্ড মার্কেট
৩. শহীদ মিনার
৪. ক্যান্ট. বোর্ড জামে মসজিদ
৫. ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ
৬. গ্যারিসন জিমনেসিয়াম
৭. এম.পি. চেকপোষ্ট (কোটবাড়ী)
৮. ক্যান্ট. বোর্ড মার্কেট(কোটবাড়ী)
৯. ক্যান্টনমেন্ট কলেজ
১০. বিজিবি (BGB)
১১. বার্ড (BARD)
১২. পলিটেকনিক
১৩. টিচার্স ট্রেনিং কলেজ
১৪. ফিলিং স্টেশন
ক্যান্টনমেন্ট কলেজ
কোটবাড়ী
চট্টগ্রাম
কুমিল্লা শহর রোড
বিশ্বরোড
কুমিল্লা
কালির বাজার
১১ বার্ড
ক্যাডেট কলেজ



কলেজ পরিদর্শন কার্যক্রমের অংশ হিসেবে কলেজের অবকাঠামোগত উন্নয়ন ও অন্যান্য সুযোগ সুবিধা পরিদর্শন করছেন কলেজ পরিচালনা পর্ষদের সম্মানিত সভাপতি ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নাজিম উদ্দিন, বিএএম মহোদয়, সম্মানিত সহ-সভাপতি মোছাঃ মাছুমা আরেফিন এবং অধ্যক্ষ নূর নাহার ইয়াসমিন।



অভিভাবক দিবস ২০২৫ এ মতামত প্রকাশ করছেন একজন সম্মানিত অভিভাবক



ক্যান্টনমেন্ট কলেজ, কুমিল্লা সেনানিবাসের "আন্তঃহাউস ফুটবল প্রতিযোগিতা-২০২৪" শুভ উদ্বোধন করছেন অধ্যক্ষ মহোদয়




আন্তঃ হাউস বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠান-২০২৫ এ কলেজ পরিচালনা পর্ষদের সম্মানিত সভাপতি ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নাজিম উদ্দিন, বিএএম কে অধ্যক্ষ কর্তৃক ক্রেস্ট প্রদান।




মহান বিজয় দিবস -২০২৪ উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠানে প্রধান অতিথির সাথে শিক্ষক ও শিক্ষার্থীদের ফটোসেশন




মহান বিজয় দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে শিক্ষার্থীদের একাংশ